



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা -১০০০

মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

কৃষি সমূহি

স্মারক নং: ১২.০৬.০০০০.২৭১.৫২.১২৬.১৯- ৪২৬

তারিখ: ২৪ অক্টোবর ২০১৯

বরাবর

- ১। মহা ব্যবস্থাপক (পাট বীজ)  
বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (খামার/কঃগ্রো:/সিডিপি ক্রপস্য)  
বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি পরিচালক (বাটু/ডাল ও তৈলবীজ/বীজামক)  
বিএডিসি, ঢাকা।

বিষয়: ২০১৯-২০ বর্ষে বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচি।

কৃষি মন্ত্রণালয়ে ০৯ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সিড প্রমোশন কমিটির ৯০তম সভার সিদ্ধান্তের আলোকে সংস্থার বিভিন্ন বিভাগ/প্রকল্পের মাধ্যমে ২০১৯-২০ বর্ষে শ্রেণি ও জাতভিত্তিক বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

ক্রমিক নং	বিভাগ/প্রকল্পের নাম	বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)				
		ভিত্তি	প্রত্যায়িত	মানঘোষিত	হাইরিড (মানঘোষিত)	মোট
১।	পাট বীজ বিভাগ	৫৪৮.০০				৫৪৮.০০
২।	খামার বিভাগ	৩৭৩৯.০০		৫০.০০	৯৫০.৫০	৪৭৩৯.৫
৩।	আলু বীজ বিভাগ	১২৫.০০				১২৫.০০
৪।	ডাল ও তৈল বীজ বিভাগ	৯০.০০				৯০.০০
৫।	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	০	১০০০০.০০	১০০১৫.০০		১০০১৫.০০
৬।	কট্টাট গ্রোয়ার্স বিভাগ	০	১৯৭৬২.০০	১১২৮০.০০		৩১০৮২.০০
৭।	বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি	০	১০১৫.০০	৩৯১০.০০		৪৯২৫.০০
	মোট:	৮৫০২.০০	৩০৭৭৭.০০	২৫২৫৫.০০	৯৫০.৫০	৬১৪৪৮.৫০

- ২। পাট বীজ বিভাগ, খামার বিভাগ, আলু বীজ বিভাগ, ডাল ও তৈল বীজ বিভাগ, ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, কট্টাট গ্রোয়ার্স বিভাগ এবং বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে ২০১৯-২০ বর্ষে শ্রেণি ও জাতভিত্তিক কট্টাট গ্রোয়ার্স বিভাগ, বারো ধান বীজ উৎপাদন কর্মসূচির একীভূত বিভাজন সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-‘ক’)।
- ৩। স্ব স্ব বিভাগ/প্রকল্প প্রধানগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার/জোনওয়ারি বীজ উৎপাদন কর্মসূচি জারি করবেন।
- ৪। চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বোরো বীজ উৎপাদনের ক্ষেত্রে ১টি ফিল্মে ১টি জাতের বীজ উৎপাদন করতে হবে। প্রতিটি ফিল্মে ফিল্ম সাইন বোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে।
- ৫। বীজতলায় জাতভিত্তিক চারা উৎপাদন এবং ফিল্মভুক্ত জমিতে চারা রোপণ নিশ্চিত করতে হবে। জাতের বিশুদ্ধতা রক্ষার জন্য একটি গোছায় একটি চারা রোপন বাংলানীয় (Single seedling plantation) এবং পৃথকীকরণ দূরত বজায় রাখতে হবে। এ বিষয়ে সদর দপ্তর হতে জারিকৃত কারিগরি নির্দেশাবলি এবং জাতীয় বীজ বোর্ডের মাঠমান ও বীজমান অর্জনের জন্য বীজ প্রযুক্তিগত সকল ধাপ অনুসরণ করতে হবে।
- ৬। বীজ উৎপাদন খামার বিভাগ বোরো বীজ ফসলের উৎপাদন কর্মসূচি প্রণয়নকালে জমির উপযোগিতা অনুযায়ী জাত নির্বাচন করবেন।
- ৭। ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির বীজ উৎপাদন কর্মসূচি যথাসময়ে বীজ প্রত্যয়ন এজেন্সী'কে অবহিত করে মাঠ পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সী হতে সময়মত প্রত্যয়নগত্ব সংগ্রহপূর্বক সংরক্ষণ এবং সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত ও সরবরাহ করতে হবে। কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা দায়ী হবেন।

*[Signature]*

*[Signature]*

- ৮। প্রত্যায়িত শ্রেণির বোরো ধানবীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় ভিত্তি বীজ শোধন করে বীপ্স বিভাগ সরবরাহ করবে। সময়মত বীজ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে বীজ উৎপাদনকারী বিভাগ/প্রকল্পের কর্মকর্তাগণ বীজ সরবরাহ নিবেন।
- ৯। বিপ্স বিভাগ প্রত্যায়িত শ্রেণির বোরো ধানবীজ উৎপাদনের জন্য সংশ্লিষ্ট বীথকে তার কেন্দ্র সংরক্ষিত সর্বোচ্চমানের ভিত্তি বীজ কঃজ্ঞ বিভাগ/বীটু প্রকল্প/বীআমক কে সরবরাহ করবেন। বিপ্স বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সর্বোচ্চমানের ভিত্তি বীজ সরবরাহ নিশ্চিত করবেন।
- ১০। ভিত্তি বীজ উৎপাদনের জন্য প্রয়োজনীয় প্রজনন বীজ খামার বিভাগ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় হতে সংগ্রহ করে যথাসময়ে তা প্রাপককে সরবরাহ নিশ্চিত করবেন।
- ১১। চুক্তিবদ্ধ চাষি পর্যায়ে বীজ বিতরণের পূর্বে বীজের বিশুদ্ধতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করে নিতে পরামর্শ দেয়া হল-যাতে বীজের মান সম্পর্কে কোন অভিযোগ পরবর্তীতে উত্থাপিত না হয়।
- ১২। স্ব স্ব বিভাগ/প্রকল্প প্রধানগণ বীজ বিক্রয়লক্ষ অর্থ সময়মত ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান ও জমাকৃত টাকা স্থানান্তরের বিষয়টি পর্যবেক্ষণ করবেন। যাতে কোন রকম আর্থিক অনিয়ম সংঘটিত না হয়।
- ১৩। ড্রাই বীজ উৎপাদন রেজিস্টারে এসিএ প্রতিনিধির জন্য সংরক্ষিত কলামে পরিদর্শনকালীন তাদের মতামত ও স্বাক্ষর নিতে হবে।
- ১৪। বীজ উৎপাদনে বীজ আইন ২০১৮, বীজ আইন সংশ্লিষ্ট বিধিমালা, বিএডিসি আইন ২০১৮, বিএডিসি'র বীজ উৎপাদনের বিভিন্ন ম্যনুয়েল কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- ১৫। ২০১৯-২০ বর্ষে বিতরণের জন্য বোরো বীজের বিক্রয় মূল্য বিএডিসি নিম্নরূপভাবে নির্ধারণ করেছে :

ক্রঃ নং	বীজের নাম	বীজের শ্রেণি	২০১৯-২০ বর্ষের জন্য বোরো ধানবীজের নির্ধারিত বিক্রয়	
			ডিলার পর্যায়ে (টাকা/কেজি)	চাষি পর্যায়ে (টাকা/কেজি)
১	বিআর২৮, বি ধান৫৫, বি ধান৬৩, বি ধান৮১, বি ধান৮৪, বি ধান৮৬,	ভিত্তি	৩৯.০০	৪৫.০০
		প্রত্যায়িত/ মানঘোষিত	৩৩.০০	৩৮.০০
২	বিআর৩, বিআর১৪, বিআর১৬, বিআর২৬, বি ধান২৯, বি ধান৪৭, বি ধান৫৮, বি ধান৫৯, বি ধান৬০, বি ধান৬১, বি ধান৬৭, বি ধান৬৮, বি ধান৬৯, বি ধান৭৪, বিনাধান-৮, বিনাধান-১০, বিনাধান-১৪, বিনাধান-১৮ এবং নেরিকসহ অন্যান্য সকল জাত	ভিত্তি	৩৮.০০	৪৪.০০
		প্রত্যায়িত/ মানঘোষিত	৩২.০০	৩৭.০০
৩	বাংলাজিরা	মানঘোষিত	৩৬.০০	৪২.০০
৪	বি ধান-৫০ (সুগকি) ও দুদুলতা	ভিত্তি	৪৭.০০	৫৪.০০
		প্রত্যায়িত/ মানঘোষিত	৪২.০০	৪৯.০০
৫	এসএল-৮এইচ সহ অন্যান্য হাইব্রিড	মানঘোষিত	২০০.০০	২৩০.০০

২০১৯-২০  
২৪।১০।১০  
(মো: নূর নবী সরদার)  
মহাব্যবস্থাপক (বীজ)  
বিএডিসি, ঢাকা  
ফোন: ৯৫৫২৩০১৭

স্মারক নং: ১২.২৭১.০৩৫.০১.০২.১৪২.২০১০-৮২৬

তারিখ: ২৪ অক্টোবর ২০১৯

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। যুগ্ম পরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
- ২। বিভাগীয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি অর্জন, বিএডিসি, ঢাকা/ময়নসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/ঘৰো/বারিশাল।
- ৩। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (বীপ্স/বীবি), বিএডিসি, ঢাকা।
- ৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা-কৃষি সমাচারে প্রোগ্রামটি প্রকাশের জন্য।
- ৬। সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি ভবন, ঢাকা (বিএডিসি'র ওয়েবসাইটে প্রোগ্রামটি উপস্থাপনের জন্য)।

১০/১০/১০  
২৪।১০।১০  
(ড. মো: আকতার হোসেন খান)  
উপব্যবস্থাপক (কর্মসূচি)  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ৯৫৮৫৩০৯৪

